4317 (2)

T-4188 15 Rs.

पन्द्रह रुपया

भारत

INDIA

FIFTEEN RUPEES

१५रु. 15Rs.

Admissible under Regn. Rule 21.
Also under ... 26C of the Bengal Stamp Act
... Act, duly ... the
... No. 23...
Fee paid ... Rs 10/- ... Process fee in C. F. S. ·25

N · 50

11 · 50

Joint Sub Regr.
Alipore at Behala
14.12.57

FILED

কোবালা গ্রহিতা –

শ্রীমতী দূর্গা রানী সাধুখাঁ
স্বামী শ্রী-দাশরথি সাধুখাঁ
জাতি হিন্দু পেশা গৃহস্থালী –
সাং ২৭।১ নং নব কুমার নন্দী
বাই লেন ,হাওড়া ।

কোবালা দাতা –

আপ্তাব উদ্দীন বৈদ্য
পিতা মৃত ময়জদ্দীন বৈদ্য
জাতি মুসলমান পেশা বিষয়ভোগী
সাং বাখরা রোড জায়গীর ঘাট
পশ্চিম বড়িশা ,থানা বেহালা
জেলা ২৪ পরগণা ।

কস্য নিষ্কর রায়ত স্থিতিবান স্বত্ত্বের /৩ কাঠা ডাঙ্গা জমি মায় দরবস্তু হক হুকুক ও সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদির নিঃস্বত্ব সাফ কোবালা পত্র – মিদং কার্য্যঞ্চাগে – জেলা ২৪ পরগণা থানা বেহালা সবরেজেষ্ট্রী আলিপুর সদর মৌজে পশ্চিম বড়িশা গ্রামে বিগত ডিষ্ট্রিক্ট জরীপের ৩৬৯ নম্বর এবং ১০১১ নং খতিয়ানের লিপিবদ্ধ ৩৭৮৪ , ৩৭৮৫ এবং ৩৭৮৪ / ৩৯৫০ নম্বর দাগের

5 RS.
3RS




মোট ১.৫৮ শতক সম্পত্তি বিগত ডিষ্ট্রিক্ট সেটেলমেন্ট কালে তাহা জনৈক রহিম ফকিরের স্বত্বীয় খাস ভোগ দখলীয় সম্পত্তি থাকায় তাহা উক্ত রহিম ফকিরের নামে যথাযথ ভাবে রায়ত স্থিতিবান সত্বের নিস্কর ব্রহ্মোত্তর বলিয়া লিপিবদ্ধ হয় । উক্ত রহিম ফকির তদীয় মৃত্যুকালে দ্বিতীয় পক্ষের বনিতা মরিয়ম বিবি পাঁচ পুত্র সেখ রওসন আলি মণ্ডল, সেখ নজিবর রহমান মণ্ডল, সেখ আজিজ রহমান মণ্ডল ও সেখ কাসেম আলি মণ্ডল সেখ কিনুরালি মণ্ডল ও তিন কন্যা মরিয়ম বিবি আমেনা খাতুন বিবি , আবেদা খাতুন বিবি রাখিয়া যান । তৎকারন উক্ত রহিম ফকিরের স্বত্ব তাঁহার উক্ত নয়জন ওয়ারিস মুসলমান - আইনানুসারে প্রাপ্ত হয়েন । পরে উক্ত নয় জন ওয়ারেস মধ্যে পুত্র কিনুরালি মণ্ডল বিগত ২।১।১৯৪১ তারিখে পত্নী মরিয়ম বিবি বিগত ৪।১২।১৯৪১ তারিখে এবং কন্যা মরিয়ম বিবি বিগত ১৫।৫।১৯৪২ তারিখে পৃথক পৃথক কোবালা মূলে উক্ত উভয় খতিয়ানের সম্পত্তি মধ্যে স্ব স্ব অংশ জনৈক সেহের আলি মণ্ডল কে

2Rs 8As

INDIA

दो रुपया आठ आना


दो रुपया आठ आना

TWO RUPEES भारत EIGHT ANNAS



বিক্রয় করিলে পর উক্ত সেহের আলি মণ্ডল উক্ত উভয় খতিয়ানে একত্রে ৮৪।। ৩ $\frac{৩}{১৩}$ অংশে অর্থাৎ কমবেশ ৫০ $\frac{৫}{১২}$ শতক প্রাপ্ত হয়েন। তৎপর উক্ত সেহের আলি মণ্ডল উক্ত খতিয়ান দ্বয়ের তৎকালিন সরিক গণের সহিত আলিপুরের, ২য় সবজজ আদালতের ১৯৪৬ সালের, ১১ নং পার্টিশান মোকর্দমায় ফাইনাল ডিক্রী মূলে নিজাংশে চিহ্নিত বিভাগ বন্টন করিয়া লয়েন। তৎপরে উক্ত সেহের আলি মণ্ডলের এক পুত্র সেখ মহম্মদ আলি মণ্ডল এবং তিন কন্যা হালিমন বিবি, সফুরন বিবি ও রহিমন বিবিকে ওয়ারেস রাখিয়া মৃত্যু মুখে পতিত হন। উক্ত তিন ওয়ারেশ মধ্যে পুত্র সেখ মহম্মদ আলি মণ্ডল বিগত ১০ই জানুয়ারী ১৯৫৭ তারিখে এককেতা কোবালার দ্বারা ও উক্ত হালিমন বিবি বিগত ১০।৪।১৯৫৬ তারিখের এককেতা কোবালার দ্বারা ও উক্ত সফুরন বিবির ওয়ারেশ কন্যাদ্বয় মরিয়ম বিবি ও ছায়গনন্নেছা বিবি বিগত ৬।১২।১৯৫৭ সালে রেজেষ্ট্রীকৃত এককেতা কোবালার দ্বারা কোবালা দাতা আমাকে উক্ত ৩৬৯ ও ১০১১ নং খতিয়ানের চিহ্নিত বিভাগ বন্টন মূলে

8A
15 RS.
2 RS






প্রাপ্ত ৫০ ৫/১২ শতক সম্পত্তি মধ্যে তাহাদের ৪ / ৫ অংশে কমবেশ ১।১।।/৩ স্কোয়ার ফিট জমি জমা বিক্রয় করেন। প্রকাশ থাকে যে উক্ত রহিমন বিবির একমাত্র ওয়ারেশ আমার স্ত্রী রেবেকা বিবি হইতেছে। এক্ষণে আমি উক্তসম্পত্তি মধ্যে কিছু সম্পত্তি আমার নিজ প্রয়োজনে বিক্রয় করিতে ইচ্ছা প্রকাশ করিলে আপনি অত্র দলিলের তপশীলের বর্ণিত মাপ সুরত /৩ কাঠা জমি ৪০০্ টাকা কাঠা হিসাবে মোট ১২০০্ টাকা পণে খরিদ করিতে প্রস্তাব করিলে আমি উক্ত পণ বাজারোচিত ও সর্ব্বোচ্চ পণ বিধায় তাহাতে সম্মত হইয়া বিগত ১১।১০।১৯৫৭ তারিখে আপনার নিকট হইতে উক্ত পণের টাকা মধ্যে ২০১্ টাকা গ্রহণে এককেতা বায়না পত্র সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দেই। তৎপরে বিগত বাংলা ২০ শে অগ্রহায়ণ ১৩৬৪ সালে আপনার নিকট হইতে পণের অন্দরে আরও ৪৫০্ টাকা লইয়াছি এবং উহা - - - -

…RST MUNSIF COURT…
6 APR 1964
FILED

উওক্ত বায়না পত্রের পিছনে লিখিয়া দিয়াছি। এক্ষনে অদ্য তারিখে পনের বাক্রি ৫৪৯, পাঁচ শত উন পঞ্চাশ টাকা প্রাপ্ত হইয়া তাহার প্রাপ্তি স্বীকারে – অদ্য অত্র কোবালায় সহি সম্পাদন করিয়া দিয়া প্রকাশ প্রচার ও অঙ্গীকার – করিতেছি যে বিক্রিত তপশীল সম্পত্তি অদ্য তারিখে আপনাকে নিব্যূঢ় স্বত্বে সকল প্রকার দান বিক্রয় ও হস্তান্তরের ক্ষমতা যুক্তে বিক্রয় করিলাম। বিক্রিত সম্পত্তিতে আমার বা আমার ওয়ারেস বা, স্থলাভিষিক্ত গণ ক্রমে কাহারও কোনওরূপ স্বত্ব স্বামিত্ব রহিল না বা থাকিবে না। অদ্য তারিখে আপনি বিক্রিত সম্পত্তিতে খাসে দখলীকার হউন এবং পুত্র পৌত্রাদি ও স্থলাভিষিক্ত গণ ক্রমে পরম সুখে চিরতরে যদৃচ্ছা ভোগ দখল করিতে থাকুন। প্রকাশ থাকে যে বিক্রিত সম্পত্তি আমি ইতিপূর্বে কাহাকেও দান বিক্রয় বা হস্তান্তর দ্বারা বা বন্ধকাদির দ্বারা বা আদালতে জামিনের দ্বারা কোনও রূপে কোনও হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই এবং বিক্রিত সম্পত্তি আমি কাহাকেও – বিক্রয়ের কোনও চুক্তি করি নাই ভবিষ্যতে বিক্রিত সম্পত্তি ভোগ দখলে, আপনার কোনও গোলযোগ উপস্থিত হইলে আমি তাহা পুত্র পৌত্রাদি ও ওয়ারেস ও স্থলাভিষিক্ত গণ ক্রমে ক্ষতি পূরন করিতে বাধ্য রহিলাম ও থাকিব এবং ফৌজদারী আদালতে দণ্ডনীয় হইব। আরও প্রকাশ থাকে যে বিক্রিত সম্পত্তিতে আমি ভিন্ন আমার পত্নী সরিক বিধায় তিনি অত্র দলিলে সাক্ষী রহিলেন।

এতদার্থে সুস্থ শরীরে সরল চিত্তে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় – স্বীয় খুশীতে, অত্র দলিল পড়িয়া শুনিয়া এবং উহার মর্ম অবগত হইয়া অদ্য অত্র – কোবালা পত্রে সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তাং ১৩।১২।৭০ বাং ২৭।৩।৬৪

JUDGES COURT, ALIPORE
FILED
24 PARGANAS

## ক তপশীল বিক্রিত সম্পত্তি

জেলা ২৪ পরগণা থানা বেহালার অন্তর্গত মৌজে পশ্চিম বড়িশা গ্রামে গত জেলা জরীপের জে এল নং ১৯ তৌজি ১—৪, ৬, ৮—১০, ১২—১৬ ও তৌজি ৩৬৯ ও ১০১১ নং খতিয়ানের ৩৭৮৪ নং তিন হাজার সাত শত চুরাশী দাগ ভুক্ত পার্টিসান ডিক্রির উত্তরাংশের ১ নং লট ভুক্ত দক্ষিণ পশ্চিম কোনে চিহ্নিত মাপ সুরত ৵৩ তিন কাঠা নিষ্কর বাগান সরুকাদি জমি মায় সর্ব প্রকার ইজমেন্ট সুত্বাদি সমেত মায় — দক্ষিণ দিকে কমনপ্যাসেজ ও চলাচলাদি সমেত দরবস্তু হক হকুক উহার পরিমাপ — মিউনিসিপ্যাল রাস্তার দিকে এবং দক্ষিণ বরাবর ৩০ ত্রিশ ফুট চওড়া এবং পূর্ব — পশ্চিম বরাবর ৭২ বাহাত্তর [illegible] মাপ। উহার চিহ্নিত চৌহদ্দি ঃ—

উত্তর — আমার বাকি জমি

পূর্ব— ঐ

দক্ষিণ— কমনপ্যাসেজ

পশ্চিম — বাকরা হাট রোড।

সাকিন রেবেকা বিবি
স্বামী আব্দুর রহিম
সাং রাখাল রোড
পোঃ বেহালা জেলা ২৪
পরগণা

ইসাদী—

টাইপিস্ট—